

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, এপ্রিল ৮, ১৯৯১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

রাজনৈতিক শাখা-৪

আদেশ

তারিখ, ৭ই এপ্রিল, ১৯৯১ ইং/২৪শে চৈত্র, ১৪০৫ বাং

এস, আর, ও নং ৬৯-আইন/৯১ ইং বিবিধ-৭/৯১ (রাজ-৪)—বেহেতু সরকার আগামী ১২ই এপ্রিল, ১৯৯১ তে বাংলাদেশের পটুয়াখালী, বরগুনা, বরিশাল, ভোলা, জামালপুর, চাঁদপুর ও চট্টগ্রাম জেলার যথাক্রমে কলাপাড়া, আমতলী, মেহেন্দিগঞ্জ, ভোলা, ইসলামপুর, শাহারান্দি ও রাউজান পৌরসভায় অনচ্ছেদ্য সাধারণ নির্বাচন উপলক্ষে সূত্র নির্বাচন নিশ্চিত করার উদ্দেশ্যে লাইসেন্স-ধারী অস্ত্র মালিকদের সংশ্লিষ্ট কোন নির্বাচনী এলাকায় অস্ত্রসহ চলাফেরা করার উপর জনস্বার্থে নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন বলিয়া মনে করে;

সেহেতু Arms Act, 1878 (XI of 1878) এর section 17A (1) এর sub-section এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার জনস্বার্থে উপরিউক্ত নির্বাচনী পৌর এলাকায় আগামী ১০-৪-৯১ তারিখ সকাল ০৬-০০ টা হইতে ১৩-৪-৯১ তারিখ সন্ধ্যা ৬-০০ টা পর্যন্ত সময়কালে লাইসেন্স-ধারী সকল অস্ত্র মালিককে অস্ত্রসহ চলাফেরা করার উপর নিষেধাজ্ঞা আরোপ করিল। যাহারা এই আদেশ লঙ্ঘন করিবেন তাহাদের বিরুদ্ধে উক্ত আইনের section 17A এর sub-section (2) তে বর্ণিত ব্যবস্থা গ্রহণ করা হইবে।

(১৬৪৯)

মূল্য : টাকা ১-০০

২। এই আদেশ নিম্নবর্ণিত ব্যক্তিদের ক্ষেত্রে প্রযোজ্য হইবে না, যথাঃ—

- (ক) নির্বাচনে আইন-শৃংখলা রক্ষার সহিত সম্পৃক্ত শৃংখলা বাহিনীর সকল সদস্য;
- (খ) বিভিন্ন সরকারী, আধাসরকারী এবং বেসরকারী দপ্তর, প্রতিষ্ঠান ও স্থাপনাসমূহে নিয়োজিত নিরাপত্তা প্রহরীগণ।

ব্যাখ্যা—এই আদেশে “শৃংখলা বাহিনী” অর্থ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৫২ অনুচ্ছেদে সংজ্ঞায়িত শৃংখলা বাহিনী।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ আশিকুল হক চৌধুরী

উপ-সচিব (রাজনৈতিক)।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়  
ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।